গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(আইসিটি শাখা)
www.coxsbazar.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.০১.০০৩.২৩-৬৪

তারিখ : ২২ চৈত্র ১৪২৯ / ০৫ এপ্রিল ২০২৩

বিষয় : কক্সবাজার জেলাকে স্মার্ট জেলায় রুপান্তরের লক্ষ্যে 'স্মার্ট আইডিয়া' প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ অর্জিত হবার পর পরবর্তী গন্তব্য রুপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ, যা অর্জনের মাধ্যমে আমরা জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভুক্তিমূলক উচ্চ আয়ের দেশে পরিণত হব। অদ্য ০৫.০৪.২০২৩ তারিখ দুপুর ২.৩০টা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষে জেলা মাননীয় সংসদ সদস্য, রাজনৈতিক নেতৃবৃন্দ, সকল সরকারি দপ্তরের কর্মকর্তা এবং অংশীজন নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই হতে প্রেরিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং স্মার্ট ডিস্ট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩ এর বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনের মাধ্যমে অবহিত করা হয়েছে । জেলার জ্ঞানমুখী ও উচ্চ-প্রভাবযুক্ত সেবাসমূহ আধুনিকীকরণের মাধ্যমে কক্সবাজারকে বাংদেশের ১ম স্মার্ট জেলা তৈরি করার জন্য তাঁর দপ্তর/প্রতিষ্ঠান হতে 'স্মার্ট আইডিয়া' প্রেরণ প্রয়োজন। উল্লেখ্য যে, স্মার্ট আইডিয়া ২০৪১ সালকে টার্গেট করে করতে হবে এবং স্মার্ট আইডিয়া বাস্তবায়নে প্রয়োজনে টেকনিক্যাল পার্টনার প্রতিষ্ঠান বা দল নির্বাচন এবং যৌথভাবে প্রস্তাব বাস্তবায়ন/তৈরি করা হবে।

০২। এমতাবস্থায়, কক্সবাজার জেলাকে ১ম স্মার্ট জেলা তৈরির জন্য তাঁর দপ্তর/প্রতিষ্ঠান হতে 'স্মার্ট আইডিয়া' আগামী ১১.০৪.২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য (ই-মেইল: adcictcox@gmail.com) বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০২(দুই) ফর্দ।

০৫.০৪.২৩
তাপ্তি চাক্‌মা
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
কক্সবাজার
ফোন নং ০২৩৩৪৪৬২২১৪
ই-মেইল- adcictcox@gmail.com

বিতরণ :
০১। বিভাগীয় প্রধান (সকল)
-----------------------------------
০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
০৩। ---------------------------------
-------------------------------------- কক্সবাজার

স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.০১.০০৩.২৩-৬৪

তারিখ : ২২ চৈত্র ১৪২৯ / ০৫ এপ্রিল ২০২৩

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০২। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, ঢাকা
০৩। উপ-সচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার
০৬। সহকারী কমিশনার (গোপনীয়) জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য

০৫.০৪.২৩
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
কক্সবাজার

জেলা প্রশাসকদের জন্য

# স্মার্ট ডিস্ট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ঘোষণা করেছিলেন রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ। এ লক্ষ্য অর্জিত হবার পর আমাদের পরবর্তী গন্তব্য রূপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ, যা অর্জনের মাধ্যমে আমরা জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভুক্তিমূলক উচ্চ আয়ের দেশে পরিণত হব।

স্মার্ট বাংলাদেশ-এর ৪টি স্তম্ভ হচ্ছে:

১। স্মার্ট সিটিজেন ২। স্মার্ট সোসাইটি ৩। স্মার্ট গভর্নমেন্ট ৪। স্মার্ট ইকোনমি

এই ৪টি লক্ষ্য অর্জনে নিম্নের প্রযুক্তিসমূহ ব্যবহার করে মাঠ প্রশাসনের সেবার আওতা ও কার্যকারিতা বৃদ্ধি করা সম্ভব:

- আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স
- বিগ ডাটা এনালিটিকস্
- ক্লাউড কম্পিউটিং
- আইওটি
- রোবটিক্স
- এআর/ভিআর
- ব্লকচেইন
- ড্রোন
- বায়ো/ন্যানো টেকনোলজি
- সাইবার সিকিউরিটি

স্মার্ট বাংলাদেশ-এর অভীষ্ট লক্ষ্য অর্জনে নিম্নের ক্ষেত্রসমূহ নিয়ে কাজ করা যেতে পারে:

- স্মার্ট সিটি
- স্মার্ট ভিলেজ
- স্মার্ট শিক্ষা
- স্মার্ট সাস্থ্যসেবা
- স্মার্ট সামাজিক সুরক্ষা
- স্মার্ট কৃষি
- স্মার্ট ম্যানুফেকচারিং
- স্মার্ট সেবা খাত
- স্মার্ট প্রশাসন
- স্মার্ট ইউটিলিটি

স্মার্ট বাংলাদেশ গড়ার কাজকে ত্বরান্বিত করার লক্ষ্যে এটুআই ইনোভেশন ফান্ড জেলা প্রশাসকগণের জন্য আয়োজন করেছে স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩। প্রতিযোগিতায় নিম্নের ধাপসমূহ অনুসরণ করে বিজয়ী নির্বাচন করা হবে:

১। জেলা-সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে কমপক্ষে ৪টি সভা করে বিদ্যমান সমস্যা ও কর্মক্ষেত্র নির্ধারণ
২। ১টি টেকনোলজি পার্টনার প্রতিষ্ঠান বা দল নির্বাচন এবং যৌথভাবে বাস্তবায়ন প্রস্তাব তৈরি
৩। challenge.gov.bd-তে প্রস্তাব জমাদান (২৬ জানুয়ারি - ২৫ এপ্রিল, ২০২৩)
৪। প্রাথমিক বাছাই ও সংক্ষিপ্ত তালিকা প্রকাশ
৫। বুটক্যাম্প বা গ্রুমিং সেশন
৬। প্রস্তাবের কারিগরি মূল্যায়ন
৭। বিজয়ী নির্বাচন ও পুরস্কার বিতরণ

বিজয়ী এক বা একাধিক জেলা প্রশাসক পাবেন ১ কোটি টাকা পর্যন্ত সি্ড ফান্ড এবং পরিকল্পনা বাস্তবায়নে এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগ-এর পূর্ণ সহযোগিতা।

জেলার জনমুখী ও উচ্চ-প্রভাবযুক্ত সেবাসমূহ আধুনিকীকরণের মাধ্যমে বাংলাদেশের ১ম স্মার্ট জেলা তৈরিতে জেলা প্রশাসকগণ নিজেদের প্রস্তাবনা জমা দিন: challenge.gov.bd-এই ঠিকানায়।

# কক্সবাজার জেলাকে স্মার্ট জেলায় রূপান্তরের লক্ষ্যে "স্মার্ট আইডিয়া" আহবান

নাম ঃ

পেশা/প্রতিষ্ঠান ঃ

মোবাইল ঃ

আইডিয়া- ১

আইডিয়া-২

আইডিয়া-৩